

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ‘কর্মক্ষেত্রে মানসিক স্বাস্থ্য’ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘কর্মক্ষেত্রে মানসিক স্বাস্থ্য’ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২৭ নভেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি মেডিকেল সেন্টারের চীফ মেডিকেল অফিসার (প্রশাসনিক) ড. মোহাম্মদ মফিজুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন ও প্রক্টর এ.এফ.এম. আরিফুর রহমান। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সাবেক চেয়ারম্যান জোবেদা খাতুন, প্রভাষক মোঃ আশিকুর রহমান ও লিজা আক্তার। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইকিউএসি অতিরিক্ত পরিচালক জিএম রাকিবুল ইসলাম।

অনুষ্ঠানে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, আমরা শারীরিক সুস্থতার বিষয়টিকে অনেক বেশি গুরুত্ব দিলেও মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে অনেকটাই উদাসীন। বিশেষ করে অনেকেই কর্মস্থলের দৈনন্দিন কাজ-কর্ম নিয়ে দুশ্চিন্তা ও চাপ অনুভব করেন। এক্ষেত্রে আমি মনে করি, দেশের একজন সূনাগরিক হিসেবে প্রতিষ্ঠানকে আপন ভেবে নিজনিজ কাজ সুচারুভাবে সম্পন্ন করলে সেটি অনেক বেশি আনন্দদায়ক হবে। তাই কাজকে ভালোবাসতে হবে। আপনি যদি সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করেন তাহলে কোনো ধরনের ভয় বা দুশ্চিন্তার কারণ নেই।

উল্লেখ্য, ১০ অক্টোবর বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে নোবিপ্রবির মেডিকেল সেন্টার ও আইকিউএসি যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। সেমিনার উপলক্ষে কেন্দ্রীয় মিলনায়তন প্রাঙ্গণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের উদ্যোগে মানসিক স্বাস্থ্য মেলায় আয়োজন করা হয়। মেলায় মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন সেবা প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এ সেমিনারে অংশগ্রহণ করে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪